ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





এ বয়সেও শাহরুখ খানের ফিট থাকার রহস্য!
পৃঃ ৫




পোল্যান্ড শিবিরে ধাক্কা, প্রথম ম্যাচে নেই লেভানদোভস্কি
পৃঃ ৬





Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৬৪ ● কলকাতা ● ০২ আষাঢ়, ১৪৩১ ● সোমবার ● ১৭ জুন, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা


## ধর্ষণের অভিযোগে নাম জড়াল রাজ্যপালের ভাইপোর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটের কিছুদিন আগে বঙ্গ রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানি,কুপ্রস্তাব এবং যৌন নির্যাতনের অভিযোগ ওঠে। রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে কুপ্রস্তাব দেওয়ার অভিযোগ তুলে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন রাজভবনেরই এক অস্থায়ী স্টাফ। এই নিয়ে যখন রাজ্য-রাজনীতিতে শোরগোল সেই সময়ই বোসের বিরুদ্ধে পুরনো একটি অভিযোগের তদন্ত রিপোর্ট নবান্নে জমা দেয় কলকাতা পুলিশ।প্রসঙ্গত, দুদিন আগেই ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনে গিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তবে পুলিশি বাধায় রাজ্যপালের সঙ্গে দেখা করতে পারেননি। এরপর আদালতে মামলা করেন শুভেন্দু। সরব হন রাজ্যপালও। আর সেই ঘটনার রেশ কাটতে না কাটতেই এবার রাজ্যপালের ভাইপোর নামেও জিরো এফআইআর। ২০২৩ সালে এক নামী ওড়িশি নৃত্যশিল্পীকে যৌন হেনস্তার অভিযোগ ওঠে রাজ্যপালের বিরুদ্ধে। যার ভিত্তিতে, নবান্নের নির্দেশে প্রাথমিক তদন্ত করে লালবাজার। এবার সেই ধর্ষণের অভিযোগে নাম জড়াল রাজ্যপালের ভাইপোর। সূত্রের খবর হেয়ার স্ট্রিট থানায় জিরো এফআইআর-এ রাজ্যপালের ভাইপোর নাম রয়েছে। ইতিমধ্যেই সেই ঋওজ-র কপি দিল্লি পুলিশকে পাঠিয়েছে হেয়ার স্ট্রিট থানা।

অভিযোগ, রাজ্যপালের ভাইপোই দিল্লিতে হোটেল বুক করেছিলেন। সেই বিষয় অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে। জানা যায়, গত বছর রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ দায়ের করেছিলেন ওড়িশি নৃত্যশিল্পী। অভিযোগকারীর দাবি,

এরপর ৩ পাতায়

## হাসপাতালে ভর্তি হলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** হাসপাতালে ভর্তি হলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, তৃণমূল নেতা তথা ডায়মন্ড হারবারের সাংসদের রবিবার একটি মাইক্রো সার্জারি হবে। সেই কারণেই হাসপাতালে ভর্তি হয়েছেন তিনি। রবিবারই সার্জারির পর হাসপাতাল থেকে তিনি ছাড়া পেতে পারেন বলে সূত্রের খবর।প্রসঙ্গত, অভিষেকের চোখে সমস্যা রয়েছে। নির্দিষ্ট সময় অন্তর তাঁকে চিকিৎসা করাতে যেতে হয়। তবে, 'ছোট বিরতি' বিষয়ক পোস্টে অবশ্য চোখের চিকিৎসার বিষয়টি নির্দিষ্ট করে লেখেননি অভিষেক। এরই মধ্যে অভিষেকের হাসপাতালে ভর্তির খবরে দলের অন্দরেই সাড়া পড়ে গিয়েছে।ইএম বাইপাসের ধারের এই হাসপাতালে অভিষেকের সেই মাইক্রো সার্জারি হবে বলে জানা গিয়েছে।

চিকিৎসার জন্য সংগঠন তথা দল থেকে 'ছোট বিরতি' নেবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। দিন কয়েক আগেই এক্স হ্যান্ডলে পোস্ট করে সেই কথা জানিয়েছিলেন খোদ অভিষেকই। পাশাপাশিই অভিষেক লিখেছেন, 'কেন্দ্র-রাজ্য সংঘাতে' বাংলার মানুষ তাঁদের আবাসের অধিকার থেকে বঞ্চিত। তৃণমূল প্রতিশ্রুতিবদ্ধ, ডিসেম্বরের মধ্যে তা পূরণ করা হবে। তা যাতে নিশ্চিত হয়, সে ব্যাপারে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে তিনি অনুরোধও করেছেন বলে পোস্টে উল্লেখ করেছেন অভিষেক। অভিষেক লিখেছিলেন, "চিকিৎসার জন্য আমি সংগঠন থেকে সংক্ষিপ্ত বিরতি নেব। এই সময় সাধারণ মানুষের চাহিদা কী, তা আরও ভাল ভাবে অনুধাবনের সুযোগ আমার কাছে রয়েছে। আমি বিশ্বাস করি, রাজ্য সরকার দ্রুত এবং ভাল ভাবে মানুষের সমস্যার সমাধান করবে এবং মানুষ যাতে ন্যায়বিচার পায় তা নিশ্চিত করবে।"

## বেআইনি গরুর মাংসের বিক্রি রুখতেই কঠোর পদক্ষেপ সরকারের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ফ্রিজে রাখা রয়েছে গরুর মাংস। গোপন সূত্রে এই খবর আসা মাত্রই অ্যাকশন মোডে পুলিশ। বুলডোজার দিয়ে ভেঙে গুড়িয়ে দেওয়া হল বাড়ি। তাও আবার একটি নয়, পরপর ১১টি বাড়ি। রাজ্যে বেআইনি গরুর মাংসের বিক্রি রুখতেই কঠোর পদক্ষেপ সরকারের। প্রসঙ্গত, মধ্য প্রদেশে প্রকাশ্যে মাছ-মাংস, ডিম বিক্রি নিষিদ্ধ। পাশাপাশি ২০১২ সালেই গো-হত্যা প্রতিরোধ আইন কঠোর করা হয়েছে রাজ্যে। গরুর মাংস কেনা-বেচা নিষিদ্ধ। যদি কেউ গো-হত্যায় অভিযুক্ত হয়, তবে ৭ বছর পর্যন্ত সাজা হতে পারে।ঘটনাটি ঘটেছে মধ্য প্রদেশের মান্দলায়। জানা গিয়েছে, ভেঙে দেওয়া বাড়িগুলি সরকারি জমির উপরে তৈরি ছিল।এর জন্যই সরকারি নির্দেশে পুলিশ গিয়ে বাড়িগুলি ভেঙে গুড়িয়ে দেওয়া হয়।

পুলিশের তরফে জানানো হয়েছে, গোপন সূত্রে খবর মিলেছিল নইনপুরের ভাইওয়াহি এলাকায় বিপুল সংখ্যক গরু এনে রাখা ছিল কুরবানির জন্য। এই খবর পেয়েই পুলিশ অভিযান চালায়। উদ্ধার করা হয় ১৫০টিরও বেশি গরু। ১১ জন অভিযুক্তের বাড়ির ফ্রিজ থেকে গরুর মাংস উদ্ধার করা হয়। ঘর থেকে উদ্ধার করা হয় গরুর চামড়া ও হাড়গোড়। স্থানীয় সরকারি পশু চিকিৎসকও পরীক্ষা করে জানান যে উদ্ধার হওয়া মাংস গরুরই। নমুনাগুলি ডিএনএ পরীক্ষার জন্য হায়দরাবাদে পাঠানো হয়েছে।


এরপরই প্রশাসনের নির্দেশে ১১ জন অভিযুক্তের বাড়ি, যা সরকারি জমির উপরে তৈরি, তা ভেঙে গুঁড়িয়ে দেওয়া হয়। ইতিমধ্যেই ১ অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। বাকি ১০ অভিযুক্তের খোঁজে তল্লাশি চলছে।







## ভক্তি সহকারে শীতলা মাতার পূজা সম্পন্ন



**সন্দীপ যাদব : কলকাতা: নিউজ সারাদিন :** কলকাতার বেলতলা রোডে পেয়ারা বাগান বারোয়ারি অ্যাসোসিয়েশনের উদ্যোগে শীতলা পুজোর আয়োজন করা হয়েছিল। উক্ত সময়ে হাজার হাজার মাতার ভক্ত উপস্থিত হয়ে ভক্তি সহকারে শীতলা মাতাকে শ্রদ্ধা নিবেদন করে শান্তি, সমৃদ্ধি, সুখ এবং মঙ্গল কামনা করেন।। ধর্মীয় বিশ্বাস অনুসারে, মাতা শীতলার নামের অর্থ শীতল অর্থাৎ শীতল। তাই শীতলা দেবীকে খুশি করার জন্য লোকেরা শীতল জিনিস নিবেদন করে।

## সার্ক সাংবাদিক ফোরাম বেদীর মৃত্যুতে শোক প্রকাশ করেছে



**নয়াদিল্লি, জুন ১৬, ২০২৪ (এজেন্সি): নিউজ সারাদিন :** সার্ক জার্নালিস্ট ফোরাম (এসজেএফ) সহ অনেক ইউনিয়ন প্রবীণ সিনিয়র ক্রীড়া সাংবাদিক হরপাল সিং বেদীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে।

এসজেএফ-এর নির্বাহী সভাপতি ড. সমরেন্দ্র পাঠক, ভারতীয় সাংবাদিক সমিতি (আইজেএ) সভাপতি রাম নাথ বিদ্রোহী, পিরিওডিকাল প্রেস অফ ইন্ডিয়া (পিপিআই) প্রধান ড. সুরেন্দ্র শর্মা এবং ইউনাইটেড ইন্ডিয়ান জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সভাপতি উমেন্দ্র দধিচ মিঃ বেদীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।.

ডাঃ পাঠক বলেছেন যে জনাব বেদী আমাদের ইউএনআই-এর সিনিয়র সহকর্মী ছিলেন এবং তাঁর বাড়ি ইউএনআই সোসাইটিতে থাকায় তিনি একজন মহান প্রতিবেশীও ছিলেন। তার মৃত্যুতে আমি ব্যক্তিগতভাবেও শোকাহত। ঈশ্বর তাঁর আত্মাকে শান্তিতে শান্তি দিন।

## ভূতনাথের মন্দিরে পুজো দিতে গিয়ে ঘটল ভূতুড়ে কাণ্ড

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভূতনাথের মন্দিরে পুজো দিতে গিয়ে ঘটল ভূতুড়ে কাণ্ড! ঘাটে নিউট্রাল অবস্থায় দাঁড়িয়ে থাকা একটি গাড়ি হঠাৎ গড়িয়ে পড়ল নদীতে। সেই সময় গাড়িতে শুধুমাত্র এক কিশোর ছিল। গাড়িটি নদীতে গড়িয়ে যেতে দেখে ছুটে আসেন কর্তব্যরত ট্রাফিক পুলিশের এক কর্মী। ডুবন্ত গাড়ি থেকে কোনওভাবে রক্ষা পেল ওই কিশোর ।শেষ পর্যন্ত বিপর্যয় মোকাবিলা দল গাড়ির জানলার কাঁচ কেটে কিশোরকে উদ্ধার করে। এরপর গাড়িটিকে জল থেকে তুলে আনে। উদ্ধারকাজে হাত লাগান স্থানীয়রাও। তবে কারও কোনও ক্ষতি হয়নি। শুধুমাত্র গাড়িটি ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে গরমের কারণে গাড়িটি আপনাআপনিই নদীতে গড়িয়ে গিয়েছিল। ঘটনাকে কেন্দ্র করে নিমতলা ঘাটে প্রচুর মানুষের ভিড়ে জমে। তবে কিশোর উদ্ধার হওয়ায় স্বস্তির নিঃশ্বাস ফেলেছে পরিবার ।ফলে ঘটল না বড়সড় কোনও দুর্ঘটনা। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে কলকাতার নিমতলা ঘাটে।

এরপর ৩ পাতায়

## গাজায় ইসরায়েলের কৌশলগত যুদ্ধবিরতি নিয়ে যা জানা গেল



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইসরায়েলের ধ্বংসকৃত একটি মসজিদে ঈদ-উল আজহার নামাজ আদায় করে ফিলিস্তিনের একদল মানুষ


আজ রবিবার মধ্যপ্রাচ্যসহ বিশ্বের অনেক অঞ্চলে ইসলাম ধর্মাবম্বীদের দ্বিতীয় প্রধান উৎসব ঈদুল আজহা পালিত হচ্ছে। ফিলিস্তিনেও আজ ঈদ। তবে সেই ঈদের কোনো আমেজ গাজায় নেই।

এর মধ্যে গাজার দক্ষিণাঞ্চলে খাদ্র ও ত্রাণ সামগ্রী প্রবেশের জন্য কৌশলগত বিরতি ঘোষণা করেছে ইসরায়েল । দেশটির প্রতিরক্ষা বাহিনীর বিশেষ ইউনিট কো অর্ডিনেটর অব গভর্নমেন্ট অ্যাক্টিভিটিজ ইন দ্য টেরিটোরিজ (কোগাট) রবিবার এক বার্তায় এই তথ্য জানিয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে পোস্ট করা বার্তায় কোগাট বলেছে, 'আমরা গাজায় ত্রাণ সরবরাহ বাড়ানোর জন্য জাতিসংঘ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার সঙ্গে আলোচনার ভিত্তিতে গাজার দক্ষিণাঞ্চলে কৌশলগত বিরতি চালু করার সিদ্ধান্ত নিয়েছি। সে সিদ্ধান্ত অনুসারে, এখন থেকে গাজার দক্ষিণাঞ্চলে প্রতিদিন সকাল ৮ টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত সামরিক তৎপরতা বন্ধ থাকবে। এই সময়সীমায় কেরেম শালম ক্রসিং দিয়ে গাজায় খাদ্য ও ত্রাণ সামগ্রী প্রবেশ করতে পারবে। তারপর সেই ত্রাণ সামগ্রী সালাহ আল দীন সড়ক দিয়ে উপত্যকার বিভিন্ন অঞ্চলে পৌঁছানো হবে। শনিবার থেকেই কৌশলগত এই বিরতি চালু হয়ে গেছে। গাজার সব এলাকায় ত্রাণ সরবারাহ পৌঁছে দিতে আমাদের তৎপরতা অব্যাহত থাকবে এবং পরবর্তী ঘোষণা না আসা পর্যন্ত এই আদেশ জারি থাকবে।'

ঘটনাচক্রে শনিবারই গাজার দক্ষিণাঞ্চলীয় সীমান্ত শহর গাজায় সাঁজোয়া যান বিস্ফোরণে নিহত হয়েছেন ৮ জন ইসরায়েলি সেনা। বিস্ফোরণের প্রকৃত কারণ সম্পর্কে এখনও কিছু বলেনি আইডিএফ। তবে গাজা উপত্যকা নিয়ন্ত্রণকারী সশস্ত্র রাজনৈতিক গোষ্ঠী হামাস বলেছে, মাটিতে পোঁতা ল্যান্ড মাইনের বিস্ফোরণের শিকার হয়েছে ইসরায়েলি সাঁজোয়া যানটি।

এক্সবার্তায় কেবল গাজার দক্ষিণাঞ্চলে 'কৌশলগত' বিরতির উল্লেখ করেছে ইসরায়েল; তবে গাজার এএফপি প্রতিনিধি জানিয়েছেন, রবিবার গাজায় কোথাও বোমাবর্ষণ বা গোলাগুলির ঘটনা








## আজ দশহরা পূর্ণ তিথি



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন** : জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমী তিথি। এই তিথিতে দেবী গঙ্গা স্বর্গ থেকে মর্ত্যে আগমন করেছিলেন। গঙ্গা কলিযুগে পরম তীর্থ। বাংলায় আজকের তিথিতে মা মনসাও শ্রদ্ধার সঙ্গে যথাযথ মর্যাদায় পূজিত হন।

এই তিথি পূর্ব দশজন্মের কৃত পাপ এবং এ জন্মের দশটি পাপ হরণ করে। দশটি পাপের তালিকায় যে অবৈধ কর্মের উল্লেখ রয়েছে, তাতে অপরাধ ও পাপ একসঙ্গে মিশে রয়েছে। পাপে ও অপরাধে পার্থক্য যাই থাক মানুষ স্বভাব বশে ও স্বার্থের কারণে প্রতিদিন এই সব মন্দ কাজ করে চলেছে। জেনে বা না জেনে মানুষ দুষ্কর্ম করছে। দুষ্কর্মের বিরাম নেই, পাপ কর্মেরও শেষ নেই।

মহাভারতে ঋষি পুলস্ত্য, ভীষ্মের নিকট কীর্তন করেছেন-- 'যেখানে গঙ্গা আছেন সেটাই দেশ, গঙ্গা তীরের সেই দেশই তপোবন ও সিদ্ধ তীর্থ' আর্য্যদের প্রাচীন ধর্মগ্রন্থেও 'গঙ্গা' নাম উল্লেখ আছে। গঙ্গা বৈদিকী নদী। ঋক বেদের একটি শ্লোকে যমুনা, সরস্বতী, শতুদ্রী , পরুষ্ণী , অসিক্লী , মরুৎবৃধা , বিতস্তা , সুষোমা ও আর্জীকিয়া নদীর সাথে গঙ্গার নাম পাওয়া যায় ( ঋক-১০/৭৫/০৫)।

পুরাণ মতে স্বর্গ বাসিনী এই গঙ্গা দেবীকে মর্তে এনেছিলেন সগর রাজার বংশজ রাজা ভগীরথ। তিনি আবার ভগবান শ্রীরামচন্দ্রের কূলের পূর্বপুরুষ পৌরাণিক আখ্যান মতে সগর রাজার ষাট হাজার পুত্র কপিল শাপে ভস্ম হলে, তাহাদিগের প্রেতাত্মার মুক্তির জন্য স্বর্গ থেকে গঙ্গা কে আনবার প্রয়োজন হয়। তপস্যা করতে করতে একে একে রাজা সগর, অসমঞ্জ, অংশুমান, দিলীপ রাজা দেহ ত্যাগ করেন। অবশেষে দিলীপ পুত্র ভগীরথ সফল হন। গঙ্গাকে মর্তে আনতে পারেন। বৈদিক যুগের কোনও এক সময়ে দশহরা তিথি থেকেই বৎসর গণনা আরম্ভ হতো। দশহরা সেদিন নববর্ষের মর্যাদা পেত। দশহরার প্রধান ধর্মীয় কর্ম গঙ্গায় স্নান। কারণ, এই তিথিতেই গঙ্গা মর্ত্যলোকে নেমে এসেছিলেন। তিনি এই তিথিতে দশবিধ পাপ হরণ করেন। পরদ্রব্য হরণ, অযথা হিংসা অর্থাৎ বৃথা প্রাণী হত্যা ও পরদার গমন অর্থাৎ অবৈধ প্রণয় এই তিনটি দেহগত পাপ ।অহংকারী বাক্য, মিথ্যা কথা বলা, পরনিন্দা এবং অসংবদ্ধ প্রলাপ বা বাজে বক্স এই চারটি বাক্যগত পাপ। মনে মনে পরের দ্রব্যের কামনা, পরের অনিষ্ট চিন্তা এবং মিথ্যার প্রতি আসক্তি এই তিনটি মানসিক পাপ।

স্কন্দপুরাণ অনুযায়ী, এই দিনে গঙ্গায় স্নান করে গঙ্গাকে দশটি ফুল, দশটি ফল ও দশটি প্রদীপ দিয়ে পুজো করার কথা বলা হয়েছে।

## ভারী বৃষ্টির ফলে বিধ্বস্ত সিকিম



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : ভারী বৃষ্টিপাতের ফলে বিধ্বস্ত সিকিম। উত্তর সিকিমের লাচুং অঞ্চলে ছয় জন বিদেশি সহ প্রায় ১২০০ পর্যটক আটকে রয়েছে। সূত্র মারফত জানা যাচ্ছে এই পর্যটকদের উদ্ধার করে গ্যাংটকে নিয়ে যাওয়া হয়েছে। আবহাওয়ার উন্নতি হলে বায়ুসেনার হেলিকপ্টার এর মাধ্যমে এদেরকে নিরাপদ স্থানে পৌঁছে দেওয়া হবে। কলিঙপং এলাকায় নতুন করে ধস নামায় রাস্তা বন্ধ। ১১৭ নম্বর জাতীয় সড়ক ধরে, লাভা ও বাগরাকোট দিয়ে, গাড়ি চলাচল করছে। মঙ্গলবার পর্যন্ত উত্তরবঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা আছে। তিস্তায় ক্রমশ জল বেড়েই চলেছে। কলিঙপং এর কালিঝরা থেকে তিস্তাবাজার যাওয়ার পথে ধস নেমেছে বহু অঞ্চলে। এইসব রাস্তা দিয়ে ভারী যান চলাচল বন্ধ। রাস্তা মেরামতির কাজ চলছে। শিলিগুড়ি থেকে ঘুর পথে সিকিমের গাড়ি যাতায়াত করছে।

১-ম পাতার পর

# ধর্ষণের অভিযোগে নাম জড়াল রাজ্যপালের ভাইপোর

অনুষ্ঠানের কথা বলে গত জুন মাসে অনুষ্ঠানের কথা বলে তাকে দিল্লি নিয়ে যাওয়া হয়। সেইসময় রাজধানীর একটি পাঁচতারা হোটেলে রাখা হয়েছিল ওই মহিলাকে। আর সেখানেই রাজ্যপালের বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ আনেন ওই মহিলা নৃত্যশিল্পী। যৌন হেনস্তার অভিযোগ তুলে প্রথমে পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন ওই নৃত্যশিল্পী। এরপরই নবান্নের দ্বারস্থ হয়েছিলেন তিনি। অভিযোগের ভিত্তিতে নবান্নের তরফে কলকাতা পুলিশকে এ বিষয়ে প্রাথমিক তদন্তের নির্দেশ দেওয়া হয়। তদন্ত শেষ করে গত মাসেই তার রিপোর্টই নবান্নে জমা দেয় লালবাজার।

## এক বছরের শীতল সম্পর্কে কিছুটা হলেও উষ্ণ স্রোত,

# মোদী-ট্রুডো বৈঠক, ইতালির জি-৭ এ



**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : একাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে হাতে হাত মিলিয়ে কাজ করবেন ভারত ও কানাডার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও জাস্টিন ট্রুডো। মোদির সঙ্গে বৈঠকের পর এমনই বার্তা দিয়েছেন ট্রুডো। প্রসঙ্গত উল্লেখ্য খলিস্তানি জঙ্গি হরদীপ সিং নিজ্জরের খুনের ঘটনার পর ভারত সম্পর্কে বিভিন্ন ভুল ধারণা হয় কানাডা সরকারের। দুই দেশের কূটনৈতিক সম্পর্ক তলানিতে গিয়ে পৌঁছয়। কানাডার গোয়েন্দাদের ধারণা হয়, নিজ্জর খুনের ব্লু প্রিন্ট সাজিয়েছিল ভারতীয় গুপ্তচর সংস্থা 'র'। যদিও কানাডা তার যুক্তির সপক্ষে কোনও প্রমাণ পেশ করতে পারেনি। গত বছর জুন মাস থেকেই দুই দেশের সম্পর্কের অবনতি ঘটে। ইতালিতে জি-৭ সম্মেলনে মোদি-ট্রুডো আলাদাভাবে সাক্ষাৎ করেছেন বলে সূত্রের খবর। দুই রাষ্ট্রের সম্পর্কে পরিস্থিতির কিছুটা পরিবর্তন হওয়ার আভাস মিলেছে। দুজনের বৈঠকে সেই শীতল সম্পর্কে কিছুটা হলেও উষ্ণতার স্পর্শ লেগেছে। পাশাপাশি ট্রুডো জানান, 'আমাদের কিছু গুরুত্বপূর্ণ এবং সংবেদনশীল বিষয়ে একসঙ্গে কাজ করতে হবে। সেগুলি কী, তা নিয়ে আমি এখানে কথা বলতে চাই না। তবে আগামী দিনে আমরা খুব গুরুত্বপূর্ণ কিছু বিষয়ে একসঙ্গে কাজ করব বলে একমত হয়েছি।'

## তারাপীঠ শ্মশান থেকে উদ্ধার সিভিক ভলেন্টিয়ার্স এর মৃতদেহ

**বীরভূম: নিউজ সারাদিন** : শ্মশানের রাস্তা সন্ধ্যার পর থেকে এমনিতে ফাঁকাই থাকে। পুজো দিয়ে সন্ধ্যার পর শ্মশানের রাস্তা দিয়েই ফিরছিলেন সিভিক ভলান্টিয়র। কিন্তু রাতে সেই যুবকেরই ভয়ঙ্কর পরিণতি। রাস্তা থেকে উদ্ধার যুবকের ক্ষতবিক্ষত রক্তাক্ত দেহ। তারাপীঠের শ্মশানের রাস্তায় ভয়ঙ্কর ঘটনা। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।নিরঞ্জনের বন্ধুর বক্তব্য, “রাত আটটার সময়ে রামপুরহাট থেকে তারাপীঠ গিয়েছিলাম। পুজো দিলাম। পুজো দেওয়ার পর শ্মশানে গিয়েছিল। আমি তখন পাণ্ডার দোকানে বসেছিলাম। তারপর ফোন সুইচ অফ। চলে আসি। রাত একটা নাগাদ তো শুনলাম এসব হয়েছে। “পুলিশ জানিয়েছে, মৃতের নাম নিরঞ্জন দাস (৩০)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা দিয়েছে, নিরঞ্জনের বাড়ি বীরভূমের নলহাটির নয় নম্বর ওয়ার্ডের কামারপাড়ায়। পরিবারের সদস্যরা জানাচ্ছেন, তিনি নলহাটির রেল ষ্টেশনে জিআরপিতে সিভিক ভলান্টিয়ার পদে কর্মরত ছিলেন। রবিবার সন্ধ্যায় তাঁর এক বন্ধুর সঙ্গে নলহাটি থেকে তারাপীঠে পুজো দিতে গিয়েছিলেন নিরঞ্জন। তাঁর বন্ধুর দাবি, তাঁকে একটি পুজোর ডালার দোকানে বসিয়ে রেখে 'আসছি' বলে চলে গিয়েছিলেন নিরঞ্জন। বন্ধুর দাবি, তারপর দীর্ঘক্ষণ হয়ে যাওয়ার পর নিরঞ্জন না ফেরায় তাঁকে ফোন করেন তিনি। কিন্তু নিরঞ্জনের মোবাইল বন্ধ ছিল। এরপর একাই ফিরে আসেন তিনি। রাত একটা নাগাদ তারাপীঠ থানার পুলিশের কাছ থেকে দেহ উদ্ধারের ফোন পান তাঁরা। পরিবারের অভিযোগ, তাঁকে খুন করে ফেলে দেওয়া হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে তারাপীঠ থানার পুলিশ।

## লোকসভার ভোটের ফলকে 'চ্যালেঞ্জ' করে

# কলকাতা হাই কোর্টে মামলা দায়ের করতে চলেছে বিজেপি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : লোকসভার ভোটের ফলকে 'চ্যালেঞ্জ' করে কলকাতা হাই কোর্টে মামলা দায়ের করতে চলেছে বিজেপি। দলীয় সূত্রে খবর, আগামী সপ্তাহেই 'ইলেকশন-পিটিশন' দায়ের করা হবে। নালিশ করা হবে মূলত কেশপুর এবং সবং নিয়ে। বিজেপির দাবি, ঘাটাল লোকসভার অন্তর্গত এই দুই বিধানসভায় ভোট লুট হয়েছে। নালিশের স্বপক্ষে তথ্যও পেশ করা হবে।ঘাটালের বিজেপি

এরপর ৪ পাতায়

## গাজা যুদ্ধ নাড়িয়ে দিয়েছে শিক্ষার ভিত ইজরায়েল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : লাগাতার সংঘাতে বিধ্বস্ত গাজা ভূখণ্ড। গুঁড়িয়ে গিয়েছে হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, মাটির সঙ্গে মিশে গিয়েছে একাধিক স্কুল। রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার বিষয়ক মন্ত্রকের দাবি, গাজা ভূখণ্ডের ৭৬ শতাংশেরও বেশি স্কুল বর্তমানে নিশ্চিহ্ন, যুদ্ধে ফলে কার্যত নড়ে গিয়েছে শিক্ষার ভিত। যুদ্ধের তীব্রতার সঙ্গে সঙ্গে ইজরায়েলের স্কুল গুলিতে হামলার তীব্রতাও বেড়েছে। বিশেষ করে, যে এলাকা গুলিতে হামলা চালানোর আগে বাসিন্দাদের সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। তার অন্যতম কারণ, প্রাণ বাঁচাতে বহু মানুষ স্কুলের বাড়ি গুলিতেই আশ্রয় নিতেন। সমীক্ষা বলছে, এই স্কুলগুলির মধ্যে ৬৯ শতাংশে সরাসরি আক্রমণ চালিয়েছে ইজরায়েলি বাহিনী।

ইউনিসেফের একটি সমীক্ষায় বলা হয়েছে, গাজ়া ভূখণ্ডের দশটি স্কুলের মধ্যে আটটিই ধ্বংসস্তূপ। অন্তত ৬ লক্ষ ২০ হাজার পড়ুয়া বর্তমানে স্কুলছুট, প্রাণ গিয়েছে বহু শিক্ষক-শিক্ষিকার। ২০০৮ থেকে ইজরায়েল -প্যালেস্টাইন সংঘাতে এমনিতেই নড়বড়ে হয়ে গিয়েছিল গাজার শিক্ষাব্যবস্থা। স্কুলের পাশাপাশি আক্রান্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়ও। গাজা সিটির দক্ষিণে অবস্থিত ইসরা বিশ্ববিদ্যালয় এখন ধ্বংসস্তূপের আকার নিয়েছে। শিক্ষাবিদদের কথায়, দীর্ঘস্থায়ী এই যুদ্ধ গাজার সম্পূর্ণ উন্নয়নের ভিত যেমন একদিকে টলিয়ে দিয়েছে, পাশাপাশি শিক্ষাও প্রায় ধ্বংসের মুখে। এই আঘাত সামলে উঠতে সারা বিশ্ব থেকে গাজার যথাযথ সহায়তা প্রয়োজন।

## আকাশ থেকে পড়ল অদ্ভুত যন্ত্র! চাঞ্চল্য চন্দ্রকোনা এলাকায়

**বেবি চক্রবর্তী : নিউজ সারাদিন** : আকাশ থেকে পরল এক অদ্ভুত যন্ত্র। কিন্তু কি সেই যন্ত্র। কে ফেলে দিল এই যন্ত্র। তবে কি এলিয়েনদের কাছ থেকে নতুন কোন বার্তা এসেছে। যন্ত্রের মধ্যে আবার জোনাকির মতন আলো জ্বলছে। রবিবারের এই ঘটনায় তাজ্জব এলাকা বাসি। কোথা থেকে এলো এই অবাক করা যন্ত্র তা নিয়ে জল্পনার শেষ নেই। ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুর জেলা চন্দ্রকোনা থানার মারুকচক গ্রামে। খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে ছুটে আসে চন্দ্রকোনা থানার পুলিশ। জানা যায় রবিবার এলাকার কিছু মানুষ দেখতে পান বেলুন লাগানো অবস্থায় একটি যন্ত্র পড়েছে সেই যন্ত্রের মধ্যে আবার রয়েছে দড়ি। মিটমিট করে তার মধ্যে আবার আলো জ্বলছে। এটা কি বোম নাকি অন্য কোন যন্ত্র তা নিয়ে দ্বন্দ্বে পড়ে এলাকার মানুষ। খবর পেয়ে তড়িঘড়ি ছুটে আসে পুলিশ। ঘিরে রাখা হয় ওই যন্ত্রাংশটিকে। চন্দ্রকোনা থানার পুলিশ এরপর ওই যন্ত্রটি উদ্ধার করে থানায় নিয়ে যায়। এদিকে এই যন্ত্রের কথা শুনে ওই এলাকায় ভিড় জমাতে থাকেন দূর দূরান্তের প্রায় কয়েকশো মানুষ। যন্ত্র দেখার জন্য রীতিমতো হুলুস্থুলু কান্দ পড়ে যায়। তবে ভয়ের কিছু নেই এটা খেলনা কোন যন্ত্র বলেই মনে করছে পুলিশ। এই যন্ত্র নিয়ে নানান রকম গল্প কথা ঘুরতে থাকে সকলের মধ্যে। কেউ বলছেন এটা আসলে ভিনগ্রহীদের যন্ত্র। আবার কেউ বলছেন কোন গবেষণা কেন্দ্র থেকে ছিটকে এসেছে এই যন্ত্র। যন্ত্রের পিছনে কি রহস্য রয়েছে তা খতিয়ে দেখছে পুলিশ।

## পদহস্তাসন নিয়ে ভিডিও ক্লিপ ভাগ করে নিলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পদহস্তাসন বা হাত দিয়ে পা ধরার ভঙ্গীমায় একটি ভিডিও ক্লিপ সবার সঙ্গে ভাগ করে নিয়েছেন এবং এই ভঙ্গীমাটি অনুশীলনের জন্য আবেদন জানিয়েছেন, কারণ মেরুদণ্ডের পক্ষে এটি উপকারী এবং ঋতুশ্রাবজনিত যন্ত্রণা উপশমে সহায়ক হয়। আন্তর্জাতিক যোগ দিবসের দশম পর্ব উপলক্ষে ভাগ করে নেওয়া এই ভিডিও-য় বিভিন্ন ভঙ্গীমা ইংরেজি এবং হিন্দিতে বিস্তারিত তুলে ধরা হয়েছে। এক্স হ্যান্ডেলে এক পোস্টে প্রধানমন্ত্রী লিখেছেন : “পদহস্তাসনের বেশ কয়েকটি উপকারিতা রয়েছে, এটি অনুশীলন করুন।”

২ পাতার পর

# ভূতনাথের মন্দিরে পুজো দিতে গিয়ে ঘটল ভূতুড়ে কাণ্ড

জানা যাচ্ছে, উত্তর কলকাতার একটি পরিবার নিমতলা ঘাটে অবস্থিত ভূতনাথ মন্দিরে পুজোর দিতে এসেছিল। চার থেকে পাঁচ জন ছিলেন তারা। পুজো দেওয়ার পর গাড়িটি ঘাটেই নিউট্রাল অবস্থায় দাঁড় করিয়ে রাখা হয়েছিল। তখন শুধুমাত্র কিশোরকে গাড়িতে রাখা হয়েছিল। বাকিরা গিয়েছিলেন গঙ্গা জল সংগ্রহ করতে। তখনই আচমকা নদীর জলে গড়িয়ে যেতে থাকে গাড়ির চাকা। এদিকে, ঘটনার সময় অনেকেই খাটে উপস্থিত ছিলেন। এছাড়াও কর্তব্যরত এক ট্রাফিক পুলিশের কর্মীও ছিলেন। তারা সকলেই চিৎকার চেঁচামেচি করতে থাকেন। এদিকে, গাড়িতে থাকা কিশোরও চিৎকার করতে থাকে। কোনওভাবেই সে গাড়ি থেকে বেরিয়ে আসতে পারছিল না। তাছাড়া গাড়িটি বড় হওয়ায় তাকে আটকানোও সম্ভব ছিল না।এই অবস্থায় নদীর জলে গিয়ে পড়ে গাড়িটি। ক্রমেই সেটি ভাসতে ভাসতে নদীর মাঝে চলে যেতে থাকে এবং জল ঢোকার ফলে একটু একটু করে ডুবতে শুরু করে গাড়িটি। তখনও গাড়ির ভিতরেই ছিল কিশোর। তখন কিশোরকে উদ্ধারে এগিয়ে আসেন ওই ট্রাফিক পুলিশ কর্মী। কিশোরকে বাঁচাতে তিনি ঝাঁপিয়ে পড়েন। তিনি গাড়ির দরজা খোলার চেষ্টা করেন। তবে ব্যর্থ হন। শেষে খবর পেয়ে তড়িঘড়ি সেখানে চলে আসে রিভার ট্রাফিক পুলিশ এবং বিপর্যয় মোকাবিলা দলের কর্মীরা।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৬৪ সংখ্যা ১৭ জুন, ২০২৪ সোমবার ০২ আষাঢ়, ১৪৩১

## সম্পাদকীয়

# ফের ইভিএম বাতিলের দাবি


ফের ইভিএম বাতিলের দাবি। তবে এবার দাবিটা এ দেশের কোনও নেতা তোলেননি। তুললেন খোদ সোশাল মিডিয়া জায়ান্ট এক্সের কর্ণধার এলন মাস্ক। মাস্কের সেই দাবিকে আবার সমর্থন করলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। সব মিলিয়ে দেশের লোকসভা নির্বাচনের ফলপ্রকাশের প্রায় দুসপ্তাহ পর নতুন করে চর্চায় ইভিএম।নিজের পোস্টে একটি সংবাদমাধ্যমের রিপোর্টও শেয়ার করেছেন কংগ্রেস নেতা। যাতে দাবি করা হয়েছে, ভোটগণনার দিন নাকি গণনাকেন্দ্রের বাইরে থেকে গণনাপ্রক্রিয়াকে প্রভাবিত করার চেষ্টা করছিলেন মহারাষ্ট্রের এক শিব সেনা নেতা। ওই শিব সেনা নেতাকে গ্রেপ্তার করার পর জানা গিয়েছে, তাঁর কাছে এমন কিছু কোড ছিল যাতে ইভিএম 'আনলক' করা যায়। যদিও ওই খবরের সত্যতা এখনও তদন্তসাপেক্ষ। তবে ইভিএমের নিরপেক্ষতা নিয়ে বিরোধীরা যে এখমও আশ্বস্ত নন, সেটা রাহুল গান্ধীর এদিনের পোস্টে স্পষ্ট।আসলে সম্প্রতি পুয়ের্তো রিকোর নির্বাচনে ব্যাপক বেনিয়মের অভিযোগ উঠেছে। ইভিএম হ্যাক, ভুয়ো ভোটারদের ভোটদানের বহু প্রমাণও নাকি জনসমক্ষে মিলেছে। সেই প্রসঙ্গ তুলেই টেসলা কর্তা মাস্ক নিজের সোশাল মিডিয়া হ্যান্ডেল এক্সে লিখলেন, "আমাদের দ্রুত ইলেকট্রনিক ভোটিং মেশিন বাতিল করা উচিত। কারণ মানুষ বা এআইয়ের মাধ্যমে ইভিএম হ্যাক করার সম্ভাবনা থেকেই যায়। সেই সম্ভাবনা ক্ষুদ্র হলেও সেটার প্রভাব বিরাট।" পৃথিবীর আরেক প্রান্তে বসে মাস্কের সেই বক্তব্যকে সমর্থন করেছেন এদেশের বিরোধী মুখ রাহুল গান্ধী। আসলে মাস্ক এদেশের নির্বাচনের প্রেক্ষিতে ইভিএম নিয়ে মন্তব্য না করলেও তাঁর বক্তব্য এ দেশের নির্বাচনেও প্রাসঙ্গিক। ভারতের বিরোধীরা দীর্ঘদিন ধরেই ইভিএম হ্যাকিংয়ের অভিযোগে সরব।মাস্কের সেই পোস্ট রিটুইট করে রাহুল গান্ধী বলছেন, "এদেশে ইভিএম যেন ব্ল্যাক বক্সের মতো হয়ে গিয়েছে। সেটা নিয়ে প্রশ্ন তোলার অধিকার কারও নেই।" কংগ্রেস নেতার দাবি, "আমাদের গণতন্ত্রের স্বচ্ছতা নিয়ে গুরুতর অভিযোগ উঠতে শুরু করেছে।" সরাসরি নির্বাচন কমিশনকে নিশানা করে রাহুলের বক্তব্য, "স্বশাসিত সংস্থাগুলি যদি দায়িত্বশীল না হয়, তাহলে গণতান্ত্রিক প্রক্রিয়া প্রহসনে পরিণত হয়। গণতন্ত্রে প্রতারণার প্রবণতা বাড়তে পারে।"

৩ পাতার পর

## লোকসভার ভোটের ফলকে 'চ্যালেঞ্জ' করে কলকাতা হাই কোর্টে মামলা দায়ের করতে চলেছে বিজেপি

প্রার্থী হিরণ চট্টোপাধ্যায় ভোটের দিনই দাবি করেছিলেন, "কেশপুরে ভোটের দিনে পাগলু ড্যান্স হয়েছে। লুঙ্গি তুলে হাতে বাঁশ নিয়ে আগুন লাগিয়ে পাগলু ড্যান্স করেছে তৃণমূলের বাহিনী।" সে দিন কেশপুরেই দফায় দফায় তৃণমূলের অবরোধে আটকেছেন হিরণ। এক সময়ে মারমুখী হয়ে উঠেছিলেন তৃণমূলের লোকেরা। পদ্ম-শিবির মনে করাচ্ছে, নোটা-য় ভোট পড়েছে, তবু বিজেপিতে পড়েনি, কেশপুরে এ বার এমন ঘটনাও ঘটেছে। এখানে ৩০টিরও বেশি বুথে বিজেপি পেয়েছে মাত্র ১ থেকে ৯টি ভোট। কোথাও শূন্যও পেয়েছে। কেশপুরে ২৮২টি বুথ রয়েছে। ভোটের দিনে শতাধিক বুথে এজেন্টই বসাতে পারেনি বিজেপি। প্রচারে কেশপুরে এসে তৃণমূলের শীর্ষ নেতা অভিষেক বন্দ্যোপাধ্যায় জয়ের লক্ষ্যমাত্রা বেঁধে দিয়ে বলেন, "২০১৯ সালে আপনারা প্রায় ৯০ হাজারের বেশি ব্যবধানে দেবকে জিতিয়েছিলেন। এ বারে ব্যবধানটা এক লক্ষ করতে হবে। এক লক্ষের বেশি ব্যবধানে খালি কেশপুর থেকেই জেতাতে হবে।" এ বার এখানে দেব লিড পেয়েছেন ১ লক্ষ ৩ হাজার ভোটের। এই ফল নিয়েই বিজেপি হাই কোর্টের দ্বারস্থ হতে চলেছে। তৃণমূলের জেলা নেতা অজিত মাইতির অবশ্য মন্তব্য, "কেউ কোর্টে পিটিশন করতে চাইলে করবে। তবে দেব প্রচারে ভালবাসার কথা বলেছে। ভালবাসা দিয়েও যে ভোটে জেতা যায়, ঘাটালের ফলে সেটাই প্রমাণিত।"কেশপুরের ভোট বাতিল করার দাবি জানাতে পারে বিজেপি। জেলা বিজেপির সাধারণ সম্পাদক তন্ময় ঘোষ বলেন, "কেশপুরে প্রায় পুরোটাই ছাপ্পা করেছে তৃণমূলের লোকেরা। এখানকার ভোট বাতিল হওয়াই উচিত।" জেলার তৃণমূল নেতা অজিত মাইতি অবশ্য বলেন, "ঘাটালে সুষ্ঠু ভোটই হয়েছে। দেব ১ লক্ষ ৮২ হাজার ভোটে জিতেছে। তার কেশপুর থেকে ১ লক্ষ ৩ হাজার ভোটে, সবং থেকে ৩২ হাজার ৭০০ ভোটে এগিয়ে। অর্থাৎ, এই দুই বিধানসভা বাদ দিলেও দেব জিততই।"বিজেপি সূত্রে খবর, রাজ্যের চারটি লোকসভা কেন্দ্রের ফল নিয়ে দলের তরফে হাই কোর্টে যাওয়া হচ্ছে। সংশ্লিষ্ট কেন্দ্রের দলীয় প্রার্থীরা হাই কোর্টে 'ইলেকশন-পিটিশন' দায়ের করবেন। সেই তালিকায় থাকছে ঘাটাল। বস্তুত, বুধবারই রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, "আমরা কয়েকটা ইলেকশন-পিটিশন করছি। আগামী সপ্তাহে মঙ্গল-বুধবারই ফাইল করছি। ছ'মাসের মধ্যে যাতে নিষ্পত্তি হয়, সেই ব্যবস্থা আমরা করছি।" জেলা বিজেপির এক নেতা জানালেন, "কেশপুর, সবংয়ের ভোটের প্রচুর তথ্য আমরা সংগ্রহ করেছি। সব দিয়েই পিটিশনটা করা হবে।"

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



-: মৃত্যুঞ্জয় সরদার :-

প্রচন্ড ধোঁয়ায় নিশ্বাস নিতে কষ্ট হচ্ছে। অজ্ঞান হবার মুহুর্তে দেখতে পান; এক দীর্ঘদেহী উলঙ্গ মানুষ তাকে কোলে তুলে নিচ্ছেন। যখন জ্ঞান ফিরে পান দেখেন; আসে-পাশে কোন জনমানব নেই । তিনি একা পাহাড়ের নিচে শুয়ে আছেন।পরবর্তীকালে বিজয়কৃষ্ণ গোস্বামী নামি ধর্মপ্রচারক হিসাবে পরিচিতি লাভ করেন। ভারত এবং বাংলাদেশে তার অসংখ্য ভক্ত ছিল। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# অতিপ্রাচীন লোকাচারের সঙ্গে নাকি এর যোগসূত্র আছে জামাইষষ্ঠী



মৃত্যুঞ্জয় সরদার

(শেষ পর্ব)



উপকরণের সঙ্গে রাখে। করমচাসহ পাঁচ-সাত বা নয় রকমের ফল কেটে কাঁঠাল পাতার ওপর সাজিয়ে পুজোর সামনে রাখা হয়। ধান এ পুজোর সমৃদ্ধির প্রতীক, বহু সন্তানের প্রতীক হিসেবে ব্যবহৃত হয় এবং দুর্বা চিরসবুজ, চিরসতেজ বেঁচে থাকার ক্ষমতার অর্থে ব্যবহৃত হয়। অর্থাৎ দুর্বা হল দীর্ঘ জীবনের প্রতীক। শাশুড়ি-মেয়ে-জামাতার দীর্ঘায়ু কামনা করে ধানদুর্বা দিয়ে উলুধ্বনিসহ বরণ করেন। সনাতন ধর্মাবলম্বী মতে, এই পার্বণ মূলত পরিবেশ রক্ষার্থে গাছকে দেবতা বিশ্বাসে পুজো করা। কেননা এ আয়োজনে বিবিধ গাছের ডাল যেমন দরকার হয় তেমনি এ দিনে সনাতন পরিবারে থাকে বাহারি মৌসুমি ফল। কোথাও কোথাও আবার জামাইকে শ্যালিকারা বাঁশের কঞ্চি বেঁকিয়ে 'হার্ট শেপ' তৈরি করে তাতে লাল সুতো দিয়ে ধান বেঁধে ভগ্নিপতিতে জামাই ষষ্ঠীর উপহার দেয়। এটাই জামাই ষষ্ঠী বা অরণ্যষষ্ঠী ব্রতকথার মূল গল্প। এদিকে যে সময় জামাই ষষ্ঠী পালন করা হয় অর্থাৎ জৈষ্ঠ্য মাসে, প্রকৃতিতে আম-জাম-কাঁঠাল ইত্যাদি নানা ফলের সমারোহ। তাই খুব ঘটা করে এদিন শাশুড়িরা ষষ্ঠীর পূজা করেন। তারপর নেমন্তন্ন করে নিয়ে আসা জামাইকে আসনে বসিয়ে প্রথমে কপালে দইয়ের ফোঁটা দিয়ে আশীর্বাদ করেন ও দীর্ঘজীবন কামনায় মা ষষ্ঠীর স্মারক তেল-হলুদে চোবানো সুতো হাতের কব্জিতে বেঁধে দেন। এরপর আশীর্বাদী বস্ত্রাদি জামাইয়ের হাতে তুলে দেন আর সামনে বিবিধ মিষ্টান্নসহ নানা ফল খেতে দেন। অবশ্য জামাই বাবাজীও শ্বশুরবাড়ি ঢোকার সময় যেমন দই-মিষ্টি আনতে ভোলে না তেমনি আশীর্বাদের পর প্রণামী হিসেবে শাশুড়িকে বস্ত্রাদি দিয়ে থাকে। এই প্রসঙ্গে উল্লেখ্য শুধুই জামাই নয়, মেয়েও কিন্তু বস্ত্রাদি উপহার হিসাবে পেয়ে থাকে। কিন্তু আধুনিক বাঙালির কাছে এইসব রীতি রেওয়াজ এর বিশেষ কোনো গুরুত্ব আজ আর নেই। এখন জামাই ষষ্ঠী শুধু পেটপূজো করার একটা উপলক্ষ মাত্র । আর মূল্যবৃদ্ধির বাজারে জামাই ষষ্ঠী জামাই বা শ্বশুর দুজনের কাছেই আতঙ্কের বিষয় । অযথা একগাদা টাকা খরচের রাগে উভয় পক্ষই মনে মনে উভয়কে গাল পাড়েন। আর ক্রমাগত ভেজাল খেয়ে খেয়ে বাঙালি আজ পেট পাতলা আক্ষরিক অর্থেই। তাই জামাই ষষ্ঠীর পরের কয়েকদিন আমাদের ওষুধের দোকানে বিক্রি বাট্টা ভালোই হয়। সে যাই হোক কথা হচ্ছে আমার মূল্যবান সময় আর এনার্জি নষ্ট করে এতো কথা শুনিয়ে আমার লাভ টা কি বলুন তো!! হাপুস হাপুস করে খাওয়ার সময় তো একবারও আমার কথা মনে পড়বে না ।আমাদের দুঃখে সমব্যথী হয়ে আপনি তো আর দুএকটা আমের আঁটি, লিচুর বিচি, ইলিশের কাঁটা, কচি পাঁঠার হাড় পাতের তলায় ফেলবেন না । জানি তো, যতটা পারবেন গিলবেন আর বাকিটা আন্ডার প্যান্টের পকেটে ভরে নিয়ে আসবেন।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# উত্তরাখণ্ডে গিরিখাতে বাস, নিহত ১৪



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের উত্তরাখণ্ডে গভীর খাদে টেম্পো ট্রাভেলারের একটি যাত্রীবাহী মিনিবাস পড়ে অন্তত ১৪ জন নিহত হয়েছেন। এ ঘটনায় আরও বেশ কয়েজন আহত হয়েছেন।

শনিবার উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ রাইতোলির কাছে ঋষিকেশ-বদরিনাথ মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে।

রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর কমান্ডান্ট মণিকান্ত মিশ্র জানান, শনিবার সকালে হৃষীকেশ-বদ্রীনাথ জাতীয় সড়ক দিয়ে যাচ্ছিল গাড়িটি। স্থানীয় সময় সকাল সাড়ে ১১টা নাগাদ রুদ্রপ্রয়াগ শহরের অদূরে পাহাড়ি রাস্তায় বাঁক ঘুরতে গিয়ে ঘটে বিপত্তি। ধারণা করা হচ্ছে, চালক বাসটির নিয়ন্ত্রণ হারালে অলকানন্দা নদীতে পড়ে যায় গাড়িটি।

পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, এসময় সড়কের পাশে দাঁড়িয়ে থাকা বেশ কয়েকজন আহত হন। এই ঘটনায় শোকপ্রকাশ করেছেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্করসিংহ ধামি। তিনি তদন্তের নির্দেশ দিয়েছেন।

# সুইজারল্যান্ডে ইউক্রেনের শান্তি সম্মেলন শেষ হয়েছে।

## এই সম্মেলনে জার্মানি, ইতালিসহ কয়েক ডজন দেশ অংশ নেয়।

## সম্মেলনে যুদ্ধ বন্ধে সংলাপের আহ্বান জানানো হয়েছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আল জাজিরার খবর অনুসারে, সম্মেলনে অংশগ্রহণকারী দেশগুলো বলেছে যে, ইউক্রেনের আঞ্চলিক অখণ্ডতার প্রতি সম্মান দেখানো উচিত। দীর্ঘস্থায়ী মীমাংসার জন্য বিদ্যমান পক্ষগুলোর মধ্যে সংলাপ আয়োজনের আহ্বান জানানো হয়েছে।

রবিবার দুইদিনব্যাপী শান্তি সম্মেলনের শেষ দিনে চূড়ান্ত বিবৃতিতে সম্মেলনে অংশগ্রহণকারী অধিকাংশ দেশ বন্দী সেনা বিনিময়কে সমর্থন করেছে। এছাড়া, রাশিয়ায় নেওয়া ইউক্রেনের শিশুদেরও ফেরত পাঠানোর দাবি জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, 'আমরা বিশ্বাস করি শান্তিতে পৌঁছাতে হলে সকল পক্ষের মধ্যে সংলাপ প্রয়োজন।'

সমাপণী বক্তব্যে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেন, যত দ্রুত সম্ভব 'ফল' অর্জন করা সম্ভব হবে বলে তিনি আশাবাদী। জেলেনস্কি বলেন, 'বিশ্বের সকলের কাছে আমরা প্রমাণ করব যে, জাতিসংঘ সনদের পূর্ণ কার্যকারিতা সম্ভব।'


তবে সম্মেলনে অংশ নেওয়া দেশ যেমন সৌদি আরব, ভারত, দক্ষিণ আফ্রিকা, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মেক্সিকো এবং সংযুক্ত আরব আমিরাত সম্মেলনের বিবৃতিকে সমর্থন করেনি। অংশগ্রহণকারী দেশগুলোর তালিকায় 'পর্যবেক্ষক' মর্যাদায় থাকা ব্রাজিলও সম্মেলনের চূড়ান্ত বিবৃতিতে স্বাক্ষর করেনি।

চূড়ান্ত বিবৃতিতে সার্বভৌমত্ব, স্বাধীনতা এবং সকল রাষ্ট্রের আঞ্চলিক অখণ্ডতার নীতিকে সমর্থন জানানো হয়। সম্মেলনে ৯০টিরও বেশি দেশ অংশ নেয়।

সম্মেলনে রাশিয়াকে আমন্ত্রণ জানানো হয়নি। মস্কো এই সম্মেলনকে হাস্যকর এবং অর্থহীন বলে মন্তব্য করেছে।

# সিনেমার খবর

## এ বয়সেও শাহরুখ খানের ফিট থাকার রহস্য!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অভিনেতা শাহরুখ খানের বয়স প্রায় ষাট ছুঁইছুঁই। তবে তাকে দেখে তা বোঝার উপায় নেই। শাহরুখ কিন্তু এখনো 'জওয়ান'। না, কেবল বড় পর্দাতেই নয়, বাস্তবেও বাদশাহের চেহারায় তারুণ্যের ছোঁয়া স্পষ্ট। বলিউড ইন্ড্রাস্ট্রিতে কাটিয়ে ফেলেছেন তিন দশক। কিন্তু এখনো অনেক তরুণ অভিনেতার চেয়েও ফিট দেখায় শাহরুখকে। 'পাঠান', 'জওয়ান'-এ শাহরুখের ফিটনেসে মুগ্ধ হয়ে দেখেছে অনুরাগীরা। কী করে এ বয়সেও এতটা ফিট তিনি? কোন ডায়েট মেনে চলেন বাদশাহ?

পরিচালক ও নৃত্য প্রশিক্ষক ফারহা খান সংবাদমাধ্যমের এক সাক্ষাৎকারে ফাঁস করলেন শাহরুখ খানের ডায়েট প্ল্যান। শুনতে অবাক লাগলেও দুপুরে এবং রাতে শাহরুখের ডায়েটে নাকি একই খাবার থাকে। দু'বেলাই শাহরুখ গ্রিলড চিকেন বা তন্দুরি চিকেন খান। সাক্ষাৎকারে ফারহা বলেন, 'আমি সালমান খানকে দেখেছি, ও সব খায়। ফিটনেস নিয়ে সচেতন হলেও ও ভাত, বিরিয়ানি, ছোলা সবই খায়। কিন্তু শাহরুখকে কখনোই ভাত-রুটি খেতে দেখিনি।

খাওয়াদাওয়ায় খুব বেশি বৈচিত্র পছন্দ না শাহরুখের। এক সাক্ষাৎকারে অভিনেতা বলেন, 'আমি খুব সাধারণ খাবার খাই। একাধিক বার নয়, দিনে দু' বার খাই আমি। এই বিষয় কিন্তু আমি ভীষণ কড়া। শুধুমাত্র দুপুর আর রাতে খাওয়াদাওয়া করি আমি। আমার ডায়েটে থাকে অঙ্কুরিত ছোলা, গ্রিলড চিকেন, ব্রকোলি, ডালের মতো খাবার।'

নো-সুগার ডায়েট মেনে চলেন বাদশা। চিনি, মিষ্টিজাতীয় কোনো খাবার ছুঁয়ে দেখেন না তিনি।

পুষ্টিবিদদের মতে, এই অভ্যাসের ভাল-মন্দ দু'দিকই আছে। রোজকার ডায়েটে তন্দুরি চিকেনের মতো উচ্চ প্রোটিন রাখলে পেশিশক্তি বৃদ্ধি হয়, বিপাকহার বাড়ে। এই ডায়েটে পেট সবসময় ভরাট থাকে, ভুলভাল খাবার খেতে ইচ্ছে করে না, তাই ওজনও নিয়ন্ত্রণে থাকে। রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখতেও সাহায্য করে এই ডায়েট। অন্য দিকে ডায়েটে ফল, শাকসব্জি, কার্বোহাইড্রেট না থাকলে শরীরে পর্যাপ্ত পুষ্টিগুণ যায় না। এ ছাড়া কোষ্ঠকাঠিন্য ও হজমের সমস্যাও বেড়ে যায়। তাই ডায়েট করার আগে অবশ্যই পুষ্টিবিদের পরামর্শ নেয়া জরুরি। তবে তিনি প্রয়োজন বুঝে ডায়েটে সাপ্লিমেন্ট যোগ করেন।

## পুষ্পা'র সংলাপে মজলেন ওয়ার্নার, কী প্রতিক্রিয়া আল্লু অর্জুনের?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ভারতের দক্ষিণের চলচ্চিত্র অভিনেতা আল্লু অর্জুন অভিনীত 'পুষ্পা' চরিত্রে আবারো জুড়ে গেল অস্ট্রেলিয়ার ক্রিকেটার ডেভিড ওয়ার্নারের নাম। একটি বিজ্ঞাপনের ভিডিওতে দেখা গেছে, 'পুষ্পা'র মতো করে সংলাপ বলছেন এ ক্রিকেটার। গত সোমবার (১০ জুন) নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে সেই ভিডিও শেয়ার করেছেন তিনি। ভাঙা হিন্দিতে বলেন, 'ফায়ার হ্যায় ম্যায়'। এদিকে অজি ক্রিকেটারের মুখে আল্লুর সংলাপ শুনে উচ্ছ্বসিত অনুরাগীরা। অনেকে বলেছেন, ভুল করে অস্ট্রেলিয়ায় জন্মেছেন ওয়ার্নার! কেউ বলেছেন, সব সময়ের জন্য পুষ্পা। মাঝেমাঝে তিনি অস্ট্রেলীয় ক্রিকেটার। কী বললেন আল্লু অর্জুন?

হাসিতে ফেটে পড়ার ইমোজি দিয়েছেন নায়ক। তার সঙ্গে আগুন ও থামস আপের ইমোজি। ডেভিড ওয়ার্নারের পরিবর্তে দেবেন্দ্র বর্মা নামে সম্বোধন করেছেন অনুরাগীরা। অল্লুর মন্তব্যকে ঘিরে হুড়োহুড়ি পড়ে যায় মন্তব্যের ঘরে। অনুরাগীদের পাশাপাশি ক্রিকেটার লিখেছেন, "কী মজার! আপনিই সেরা।"

২০২১ সালে মুক্তি পায় 'পুষ্পা : দ্য রাইজ'। আল্লু অর্জুন অভিনীত এই ছবি নজর কেড়েছিল দর্শকের। এই ছবির মাধ্যমেই সর্বভারতীয় স্তরে পরিচিত মুখ হয়ে ওঠেন আল্লু। শুধু তাই নয়, এই ছবির জন্যই জাতীয় পুরস্কার পান তিনি, দেশের বক্স অফিসে সাড়ে তিনশো কোটি টাকার বেশি ব্যবসা করেছিল এই ছবি। তার পর থেকেই ছবির দ্বিতীয় ভাগ 'পুষ্পা: দ্য রুল'-এর অপেক্ষায় রয়েছেন দর্শক ও অনুরাগীরা। চলতি বছরে ১৫ আগস্ট মুক্তি পাবে 'পুষ্পা ২'।

## পঞ্চাশ টাকায় গান গাওয়া শিল্পী এখন ১০৪ কোটির মালিক




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ছোট থেকেই দারিদ্রের সঙ্গে সংগ্রাম করে বড় হয়েছেন। জীবনে প্রত্যাখ্যান এসেছে বারবার। তারপরও ভেঙে না পড়ে লড়াই করে গিয়েছেন। বছর কয়েক আগেও যাকে নিয়ে কোনো উন্মাদনা ছিল না, এখন সেই তিনিই বি-টাউনের অন্যতম নাম। বলা হচ্ছে বলিউডের জনপ্রিয় গায়িকা নেহা কক্কড়ের।

তার জনপ্রিয়তার শিখরে পৌঁছানোর কাহিনি অনেকেরই অজানা। তবে নেহার কিছু সাক্ষাৎকার শুনলেই তার সংগ্রামের গল্প জানা যায়। সংসার চালাতে প্রতিদিন সকাল হলেই শিঙাড়া নিয়ে বেরিয়ে পড়তেন নেহার বাবা। সেই টাকায় কোনো রকমে টেনেটুনে সংসার চলত তাদের।

মাত্র ৫০ টাকা আয় দিয়ে জীবন শুরু করেছিলেন নেহা। বয়স তখন মাত্র চার।



সংসার-দুনিয়ার লড়াই বোঝার মতো ক্ষমতা ছিল না। তবুও ওই বয়সেই নেহা বুঝতে পেরেছিলেন বাবার কষ্ট।

চার বছর বয়স থেকেই গান গাওয়া শুরু নেহার। বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে গান গাইতেন ছোট্ট নেহা। সে সময় তার দৈনিক রোজগার ছিল মাত্র ৫০ টাকা। শুধু ধর্মীয় অনুষ্ঠান নয়, বিয়েবাড়ি, অন্নপ্রাশনেও গাইতে যেতেন নেহা।

১৬ বছর বয়সে স্কুলে পড়ার সময়ই নেহা উপলব্ধি করে এভাবে জীবন কাটানো যাবে না। দিল্লি থেকে পাড়ি দেন মুম্বাইয়ে। ঠিক করেন, গানের জগতেই নিজেকে প্রতিষ্ঠা করবেন। কিন্তু সেই স্বপ্ন প্রথমেই ধাক্কা খায় 'ইন্ডিয়ান আইডল' নামে এক জনপ্রিয় গানের প্রতিযোগিতার অনুষ্ঠানে। অডিশন থেকেই বাদ পড়েন নেহা।

তবে থেমে যাননি কখনোই। নিজেকে প্রতিদিন তৈরি করেছেন। অপেক্ষায় ছিলেন শুধু সুযোগের। সেই সুযোগ আসে সঙ্গীত পরিচালক প্রীতমের হাত ধরে। সাইফ আলি খান, দীপিকা পাড়ুকোন অভিনীত 'ককটেল' সিনেমায় একটি গান গাওয়ার সুযোগ পান নেহা।

নেহার গাওয়া 'সেকেন্ড হ্যান্ড জওয়ানি..' নিমেষে মানুষের মনে দাগ কেটে ফেলে। তারপর আর পেছনে ফিরে তাকাতে হয়নি তাকে। একের পর এক সঙ্গীত পরিচালক তার দরজায় টোকা দিয়েছেন। নেহার ঝুলিতে হিট গানের সংখ্যা নেহাত কম নয়। মূলত তার গাওয়া 'পার্টি সং' বেশি জনপ্রিয়। নেহার 'ব্লু হ্যায় পানি পানি' হোক বা 'আয়াও রাজা' কিংবা 'কালা চশমা' যে কোনও পার্টিতে এই সব গান ঘুরিয়ে ঘুরিয়ে চলে।

যে 'ইন্ডিয়ান আইডল' থেকে একদিন প্রত্যাখ্যাত হয়েছিলেন, সেই শোয়েই এখন বিচারক নেহা। নেহার জীবন পাল্টে গিয়েছে। ৫০ টাকা রোজগার দিয়ে শুরু করা নেহা এখন কোটিপতি। এক কামরার ঘরে বড় হওয়া নেহা এখন থাকেন দেড় কোটি টাকা মূল্যের বিলাসবহুল ফ্ল্যাটে। গাড়ি, বাড়ি কী নেই এখন তার। এখন নেহার সম্পত্তির পরিমাণ ১০৪ কোটি টাকা।

২০২০ সালে নতুন জীবনে পা দিয়েছেন নেহা। বিভিন্ন সাক্ষাৎকারে নেহা তার জীবনের গল্প শেয়ার করে নিয়েছেন। কীভাবে ধীরে ধীরে নিজের স্বপ্ন তিনি বুনেছেন, তা বলেছেন।

## ফ্ল্যাট থেকে বলিউড অভিনেত্রী মালবিকা দাসের মরদেহ উদ্ধার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী মালবিকা দাসের মরদেহ মুম্বাইয়ের তার নিজ ফ্ল্যাটে পাওয়া গিয়েছে। পুলিশ জানিয়েছে, গত রবিবার সন্ধ্যায় তাঁর বান্দ্রার অ্যাপার্টমেন্টে মরদেহটি উদ্ধার করা হয়। মালবিকা দাসের পরিবারের সাথে যোগাযোগ করতে না পেরে তার গৃহ পরিচারিকা পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন এবং পরে পুলিশ দরজা ভেঙে তার ফ্ল্যাটে প্রবেশ করে তার মরদেহটি উদ্ধার করে। মালবিকা দাসের মৃত্যুর কারণ এখনো নিশ্চিত নয়, তবে পুলিশের প্রাথমিক তদন্তে আত্মহত্যার ইঙ্গিত পাওয়া যাচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে এবং ঘটনাস্থল থেকে ফরেনসিক টিম কিছু নমুনা সংগ্রহ করেছে। অভিনেত্রী দীর্ঘদিন ধরে মানসিক অবসাদে ভুগছিলেন বলে জানা গেছে। মালবিকা দাস বলিউডের বেশ কিছু জনপ্রিয় ছবিতে অভিনয় করেছেন, তবে মালবিকা মূলত সকলের নজর কাড়েন নেটফ্লিক্সের 'দ্য ট্রায়াল' সিরিজের মাধ্যমে। তাঁর আকস্মিক মৃত্যুতে বলিউড ইন্ডাস্ট্রিতে শোকের ছায়া নেমে এসেছে। অনেক সহকর্মী এবং ভক্ত সামাজিক মাধ্যমে তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

পুলিশ জানিয়েছে, তাঁরা ঘটনাটি নিয়ে বিস্তারিত তদন্ত করছে এবং মালবিকা দাসের মৃত্যুর প্রকৃত কারণ উদ্ঘাটনের চেষ্টা করছে।

## এফসি কাপে

# ইস্টবেঙ্গল ঘরের মাঠে খেলার সুবিধা পেতে পারে

**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইস্টবেঙ্গল ক্লাব এফসি কাপের টায়ার ২ যোগ্যতা অর্জনের খেলায় সম্ভবত ঘরের মাঠে খেলার সুবিধে পেতে চলেছে। ইস্টবেঙ্গল ক্লাবের প্রতিপক্ষ তুর্কিমিনিস্থানের আলটিয়ান আশির ক্লাব। আলটিয়ান ক্লাব তুর্কিমিনিস্থান এফ এ কাপ খেলায় রানার্সআপ হয়েছে। এফকে আরকাদাগ চ্যাম্পিয়ন হলেও ক্লাব লাইসেন্সিং এর ত্রুটি থাকায় তাদেরকে খেলতে হবে এফসি চ্যালেঞ্জ কাপ। রানার্সআপ দল আলটিয়ান আশির ক্লাব সেই জায়গায় খেলবে ইস্টবেঙ্গলের বিরুদ্ধে। খেলাটি সম্ভবত ১৪ অগাস্ট ২০২৪ যুবভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত হবে। ইস্টবেঙ্গল যদি এই ম্যাচ জিততে পারে তবে তারা, মোহনবাগানের মতোই, এএফসি টায়ার ২ গ্রুপ পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করবে। সুপার কাপ চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে ইস্টবেঙ্গল ক্লাব এএফসি টায়ার ২ যোগ্যতা অর্জন পর্ব থেকে খেলার যোগ্যতা অর্জন করেছে।

অন্যদিকে মোহনবাগান আইএসএল লিগ-শিল্ড চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে সরাসরি গ্রুপ পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করেছে। যদি ইস্টবেঙ্গল আলটিয়ান আশির ক্লাবের বিরুদ্ধে পরাজিত হয় তবে তাদের খেলতে হবে এএফসি চ্যালেঞ্জ কাপ।

## রোনালদোর জোড়া গোলে

# আয়াল্যান্ড হারালো পর্তুগাল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্ণাঢ্য ফুটবল ক্যারিয়ারে বয়সটা যে কেবলই একটি সংখ্যা সেটা আবারও প্রমাণ করলেন পর্তুগিজ পোস্টারবয় ক্রিস্টিয়ানো রোনালদো। ৩৯ বছর বয়সেও প্রতিপক্ষ রক্ষণে রীতিমতো ভীতি ছড়াচ্ছেন এই তারকা। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের আগে শেষ প্রস্তুতি ম্যাচে জোড়া গোল করে অনন্য এক রেকর্ড গড়লেন তিনি।

১১ জুন রাতে প্রীতি ম্যাচে রিপাবলিক অব আয়ারল্যান্ডকে ৩-০ গোলে হারিয়েছে ২০১৬ সালের ইউরো চ্যাম্পিয়নরা। এই ম্যাচে জোড়া গোল করেন রোনালদো।

আর এই দুই গোলে আন্তর্জাতিক ফুটবলের ইতিহাসে প্রথম খেলোয়াড় হিসেবে জাতীয় দলের হয়ে টানা ২১ পঞ্জিকাবর্ষে গোলের কীর্তি গড়েছেন পর্তুগিজ তারকা। পর্তুগাল মূল দলের হয়ে তার অভিষেক ২০০৩ সালে, পরের বছর পান প্রথম গোলের দেখা, সেই থেকে গোল করেছেন প্রতি বছর।

এদিন শুরু একাদশে মাঠে নামেন রোনালদো, সঙ্গে রাফায়েল লেয়াও ও জোয়াও ফেলিক্সকে নিয়ে ধারাল আক্রমণভাগ সাজান পর্তুগাল কোচ রবের্তো মার্তিনেস। শুরু থেকে আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে তারা।

গোলের জন্যও অপেক্ষা দীর্ঘ হয়নি। অষ্টাদশ মিনিটে ডান দিক থেকে ব্রুনো ফের্নান্দেসের পাস বক্সে পেয়ে জায়গা বানিয়ে কোনাকুনি শট নেন ফেলিক্স, সবাইকে ফাঁকি দিয়ে দূরের পোস্ট দিয়ে জালে জড়ায় বল। খানিক বাদে গোল পেতে পারতেন রোনালদোও। অনেক দূর থেকে তার নেওয়া ফ্রি কিকে বল রক্ষণ দেয়ালে একজনের মাথায় লেগে দিক পাল্টে লক্ষ্যেই ছিল, কিন্তু পোস্টে লেগে ফিরে আসে।

প্রথমার্ধে একচেটিয়া চাপ ধরে রাখার পর ৫০তম মিনিটে চমৎকার গোলে ব্যবধান দ্বিগুণ করেন রোনালদো। মাঝমাঠ থেকে রুবেন নেভেসের উঁচু করে বাড়ানো বল ডি-বক্সে দারুণ এক ছোঁয়ায় নিয়ন্ত্রণে নিয়ে, একজনকে কাটিয়ে কোনাকুনি শটে বল জালে পাঠান তিনি।

১০ মিনিট পর আরেকটি দারুণ গোলে স্কোরলাইন ৩-০ করেন রোনালদো। বাঁ দিক থেকে দিয়োগো জটার পাস বক্সে পেয়ে প্রথম ছোঁয়ায় বাঁ পায়ের শটে গোলটি করেন পাঁচবারের বর্ষসেরা ফুটবলার।

আল নাসরের হয়ে ২০২৩-২৪ মৌসুমে ৪৪ গোল করা রোনালদো এই বছর দেশের হয়ে প্রথম জালের দেখা পেলেন। আন্তর্জাতিক ফুটবলে সর্বোচ্চ গোলের রেকর্ড অনেক আগে থেকেই তার, সংখ্যাটা বেড়ে হলো ১৩০।

ফুটবলের রাজা পেলে তার পুরো ক্যারিয়ারে ব্রাজিলের হয়ে গোল করেছিলেন ৭৭টি, তার চেয়ে বেশি গোল (৭৮টি) রোনালদো জাতীয় দলের হয়ে করলেন বয়স ৩০ পার হওয়ার পর।

জার্মানিতে আগামী শুক্রবার পর্দা উঠবে এবারের ইউরোর। ১৯ জুন চেক রিপাবলিকের বিপক্ষে ম্যাচ দিয়ে শিরোপা পুনরুদ্ধারের অভিযান শুরু করবে রোনালদোর পর্তুগাল। 'ডি' গ্রুপে তাদের অন্য দুই প্রতিপক্ষ তুরস্ক ও জর্জিয়া।

## নাটকীয় জয় অস্ট্রেলিয়ার,

# সুপার এইটে ইংল্যান্ড



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ব্র্যাড হুইলের লেংথ ডেলিভারিউড়িয়ে মারলেন টিম ডেভিড। টাইমিং হলো না ঠিকঠাক, বল উঠে গেল আকাশে। কিন্তুডিপ মিড উইকেটে সহজ ক্যাচ নিতে পারলেন না ক্রিস সোল। ম্যাচ জমিয়ে তোলার শেষ সুযোগটিও হারাল স্কটল্যান্ড। পরের বলেই আবার সজোরে হাঁকালেন ডেভিড। এবার ব্যাট-বলের সংযোগটা হলো দুর্দান্ত। বল উড়ে গেল গ্যালারিতে। নাটকীয় এক জয় পেল অস্ট্রেলিয়া আর সুপার এইটে উঠে গেল ইংল্যান্ড।

সেন্ট লুসিয়ায় স্কটল্যান্ডকে ৫ উইকেটে হারায় অস্ট্রেলিয়া। ১৮১ রানের লক্ষ্য ২ বল বাকি থাকতে ছুঁয়ে ফেলে তারা। লড়াই যদিও অস্ট্রেলিয়া ও স্কটল্যান্ডের, কিন্তু এই ম্যাচে ছিল ইংল্যান্ডও। শেষ পর্যন্ত চিরপ্রতিদ্বন্দ্বিদের জয় বড় স্বস্তি হয়ে এসেছে ইংলিশদের জন্য। টি-টোয়েন্টি বিশ্বকাপে এ নিয়ে টানা সাত ম্যাচ জিতল ২০২১ সালের চ্যাম্পিয়নরা। টুর্নামেন্টের ইতিহাসে এটি টানা জয়ের রেকর্ড। ভারত ও ইংল্যান্ডের টানা সাত জয়ের কীর্তি স্পর্শ করল তারা।

চার ম্যাচের সবকটি জিতে 'বি' গ্রুপের অপরাজিত চ্যাম্পিয়ন হয়েই সুপার এইট খেলতে নামবে অস্ট্রেলিয়া। সমান ম্যাচে স্কটল্যান্ড ও ইংল্যান্ডের ঝুলিতে সমান ৫ পয়েন্ট। তবে নেট রান রেটে স্কটিশদের চেয়ে (+১.২৫৫) এগিয়ে থাকায় পরের ধাপে পৌছে গেল ইংলিশরা (+৩.৬১১)।

যদিও একটা পর্যায়ে দারুণ এক জয়ের সম্ভাবনা জাগিয়েছিল স্কটল্যান্ড। ব্যাটিংয়ে ১৮০ রান তোলার পর বোলিংয়ের শুরুতেও অস্ট্রেলিয়াকে প্রবল চাপে ফেলে তারা। কিন্তু সেই চাপ তারা ধরে রাখতে পারেনি ।ট্রাভিস হেড ও মার্কাস স্টয়নিসের ব্যাটে ঘুরে দাঁড়ায় অস্ট্রেলিয়া।

চাপের মুখে ব্যাটিংয়ে নেমে ২৯ বলে ৫৯ রান করেন স্টয়নিস। ৯ চার ও ২ ছক্কার ইনিংসে চলতি আসরে দ্বিতীয়বার তিনি জেতেন ম্যাচ সেরার পুরস্কার। বাঁহাতি ওপেনার হেড খেলেন ৪৯ বলে ৬৮ রানের ইনিংস। ৫ চারের সঙ্গে ৪টি ছক্কা মারেন তিনি।

রান তাড়ায় পাওয়ার প্লেতে ড্রেসিং রুমে ফেরেন ডেভিড ওয়ার্নার ও মিচেল মার্শ। প্রথম ৬ ওভারে মোটে ৩৬ রান করতে অস্ট্রেলিয়া। তাদের বিপদ বাড়তে পারত আরও। পঞ্চম ওভারে ক্রিস সোলের বলে ১৫ রানে থাকা হেডের ক্যাচ ছেড়ে দেন মাইকেল জোন্স।

জীবন পেয়ে আর পেছনে তাকাননি হেড। কিছুক্ষণ পর মার্ক ওয়াটের দারুণ ডেলিভারিতে গ্লেন ম্যাক্সওয়েল বোল্ড হয়ে গেলে স্টয়নিসকে নিয়ে লড়াই শুরু করেন বাঁহাতি ওপেনার। শুরুতে কিছুটা সময় নেন দুজনই। একপর্যায়ে সমীকরণ দাঁড়ায় ৩৯ বলে ৮৭ রান।

মাইকেল লিস্কের বলে রিভার্স সুইপ করে ছক্কা মারেন স্টয়নিস। পরের দুই বলে মারেন আরও একটি করে ছক্কা-চার। এরপর ঝড় তোলেন হেড। সোলের বলে জোড়া বাউন্ডারির পর সাফিয়ান শারিফকে মারেন টানা ৩টি ছক্কা।

চতুর্থ ছক্কার খোঁজে ক্যাচ আউট হন হেড। তার বিদায়ে ভাঙে ৪৪ বলে ৮০ রানের জুটি। এরপর স্টয়নিসও বেশিক্ষণ ক্রিজে থাকতে পারেননি। পরে ম্যাথু ওয়েডকে নিয়ে বাকি কাজ সারেন ডেভিড। ৩ চার ও ১ ছক্কায় ১৪ বলে ২৪ রানে অপরাজিত থাকেন ডেভিড।

এর আগে টস হেরে ব্যাটিংয়ে নামা স্কটিশদের উড়ন্ত সূচনা এনে দেন জর্জ মানজি ও ব্র্যান্ডন ম্যাকমুলেন। প্রথম ওভারেই জোন্সের বিদায়ের পর তারা দুজন মিলে ৪৮ বলে গড়ে তোলেন ৮৯ রানের জুটি। ২ চার ও ৩ ছক্কায় ২৩ বলে ৩৫ রান করেন মানজি। ১১ ওভারে স্কটল্যান্ডের স্কোর দাঁড়ায় ২ উইকেটে ১১১ রান। পরের ওভারে ২ চার ও ৬ ছক্কায় ৩৪ বলে ৬০ রান করা ম্যাকমুলেনকে ফেরান অ্যাডাম জ্যাম্পা।

এরপর কাঙ্ক্ষিত গতি পায়নি স্কটল্যান্ডের ইনিংস। রিচি বেরিংটনের ৩১ বলে ৪২ রানের অপরাজিত ইনিংসে ১৮০ রান পর্যন্ত পৌছায় স্কটিশরা। পরে একটা সময় পর্যন্ত লড়াইয়ে থাকলেও অস্ট্রেলিয়াকে আটকে রাখতে পারেনি তারা।

সংক্ষিপ্ত স্কোর:

স্কটল্যান্ড: ২০ ওভারে ১৮০/৫ (মানজি ৩৫, জোন্স ২, ম্যাকমুলেন ৬০, বেরিংটন ৪২, ক্রস ১৮, লিস্ক ৫, গ্রিভস ৯*; অ্যাগার ৪-০-৩৯-১, স্টার্ক ৪-০-৩১-০, এলিস ৪-০-৩৪-১, ম্যাক্সওয়েল ৪-০-৪৪-২, জ্যাম্পা ৪-০-৩০-১)

অস্ট্রেলিয়া: ১৯.৪ ওভারে ১৮৬/৫ (হেড ৬৮, ওয়ার্নার ১, মার্শ ৮, ম্যাক্সওয়েল ১১, স্টয়নিস ৫৯, ডেভিড ২৪*, ওয়েড ৪*; লিস্ক ৪-০-৩৯-০, হুইল ৩.৪-১-৩২-১, ওয়াট ৪-০-৩৪-২, সোল ৩-০-৩৩-০, শারিফ ৪-০-৪২-২, গ্রিভস ১-০-৪-০)

ফল: অস্ট্রেলিয়া ৫ উইকেটে জয়ী

ম্যান অব দা ম্যাচ: মার্কাস স্টয়নিস

## নতুন প্রযুক্তির সাহায্যে তৈরি হয়েছে

# এবার ইউরো প্রতিযোগিতার বল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** শুরু হয়ে গেল ২০২৪ সালের ইউরো ফুটবল প্রতিযোগিতা। গত ১৪ জুন ২০২৪ এই প্রতিযোগিতার উদ্বোধন হয়। উদ্বোধনী ম্যাচে, এবারের আয়োজক দেশ, জার্মানি স্কটল্যান্ডকে ৫-১ গোলে পরাজিত করে।অ্যাডিডাস কোম্পানি প্রতিবছরের মতো এবারও এই প্রতিযোগিতার বল প্রস্তুত করেছে কিন্তু এবারের বলে একটি বিশেষত্ব আছে। সাদা বলটির সারা গায়ে কালো রঙের ত্রিভুজ আঁকা তার সাথে হলুদ সবুজ ইত্যাদি রকমারি ও জমকালো রং তারি মাঝে থাকছে ইউরো ২০২৪ এর প্রতিক। এডিডাস কোম্পানির এই বলটির নাম "ফুসবললাইবিই" জার্মান ভাষায় যার অর্থ ফুটবলের প্রতি ভালোবাসা।

ইউইএফএ সূত্র মারফত জানা যাচ্ছে বলের নকশা করা হয়েছে খেলার গতিপ্রকৃতি এবং খেলার এনার্জির প্রতীক হিসাবে, সঙ্গের জমকালো রঙগুলো অংশগ্রহণকারী সব দলের হৃদস্পন্দনের প্রতীক। স্টেডিয়াম ও তার অবস্থান যে শহরে তার পরিচিতিও বলের গায়ে আকা আছে।

এই বলের আসল বিশেষত্ব অবশ্য অন্য জায়গায়। বলটির ভেতরে একটি ছোট্ট চিপ রাখা আছে যার থেকে তথ্য আদান প্রদান করা যায় অত্যন্ত দ্রুত গতিতে। এর ফলে ম্যাচ পর্যবেক্ষক অথবা অন্যান্য অফিসিয়ালদের কাছে খেলা চলাকালীন যে কোন প্রয়োজনীয় তথ্য খুব তাড়াতাড়ি পৌঁছে যাবে। এই চিপের সাহায্যে রেফারি অথবা 'ভার' প্রযুক্তি আরও সঠিক সিদ্ধান্ত নিতে সক্ষম হবে। নতুন এই প্রযুক্তি দিয়ে তৈরি করা বলটি, ভেতরের চিপের সাহায্যে, বলে দেবে সঠিক কোন সময় শট মারা হয়েছিল। হ্যান্ডবল বা অফসাইডের সিদ্ধান্ত গুলিও খুব দ্রুত নেওয়া সম্ভব হবে। এই প্রযুক্তির নাম দেওয়া হয়েছে "কানেক্টেড বল টেকনোলজি"। ইউইএফএতে প্রথমবার এই প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে যা ম্যাচ পরিচালকদের সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

## জিকসন সিংয়ের জন্য

# ঝাপালো ইস্টবেঙ্গল



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** ২০২৩ সালে আইএসএল শেষ হবার আগে থেকেই ইস্টবেঙ্গল ২০২৪ সালের জন্য দল গোছাতে শুরু করেছিল। সুপার কাপ চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে তারা এবার এএফসি টায়ার ২ তে খেলবে। আন্তর্জাতিক ম্যাচ খেলতে হবে এই লক্ষ্যে ইস্টবেঙ্গল প্রথম থেকেই শক্তিশালী দল গড়ার প্রক্রিয়া শুরু করে। তাদের অন্যতম লক্ষ্য ছিল মুম্বাই সিটির আপুইয়া। কলকাতার অপর প্রধান মোহনবাগান ও একই লক্ষে আসরে নামে। সূত্র মারফত জানা যাচ্ছে আপুইয়া মুম্বাই সিটির সাথে ২০২৬, ৩১ মার্চ পর্যন্ত চুক্তিবদ্ধ। অর্থাৎ, যদি আপুইয়া শেষ পর্যন্ত রাজি হয়, কলকাতার দুই প্রধানের যে দলেই যাক সেই দলকে মোটা টাকা ট্রান্সফার অর্থ দিতে হবে মুম্বাই সিটি কে। এখনো পর্যন্ত আপুইয়ার চিত্রটা পুরো পরিষ্কার নয়। এরই মধ্যে ইস্টবেঙ্গলের নজরে এসেছে জিকশন সিং। আগে শোনা গেছিল জিকশন সিংর সাথে মোহনবাগানের কথাবার্তা চলছে তবে বর্তমানে ইস্টবেঙ্গল তাকে দলে নিতে আগ্রহী। এখন দেখার জিকশন কোন দলে চুক্তিবদ্ধ হয়।

## পোল্যান্ড শিবিরে ধাক্কা,

# প্রথম ম্যাচে নেই লেভানদোভস্কি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপ শুরুর আগেই পোল্যান্ড শিবিরে বড় ধাক্কা। চোটের কারণে আসরে নিজেদের প্রথম ম্যাচে নেদারল্যান্ডসের বিপক্ষে স্ট্রাইকার রবের্তো লেভানদোভস্কিকে পাবে না তারা।

ইউরোর আগে নিজেদের শেষ প্রস্তুতি ম্যাচে তুরস্কের বিপক্ষে ৩৩তম মিনিটে চোট নিয়ে মাঠ ছাড়েন লেভানদোভস্কি। ম্যাচটি ২-১ গোলে জয়ের পর পোল্যান্ড কোচ মিখাল প্রবিয়েশ বলেন, এই তারকার চোট গুরুতর নয় বলে মনে হচ্ছে তার।

তবে মঙ্গলবার (১১ জুন) পরীক্ষার পর ৩৫ বছর বয়সী লেভানদোভস্কির উরুতে চোটের কথা জানান পোল্যান্ড দলের চিকিৎসক। অস্ট্রিয়ার বিপক্ষে দ্বিতীয় ম্যাচের আগে তাকে ফিট করে তুলতে যথাসাধ্য চেষ্টা করা হবে বলে জানান তিনি।

'ডি' গ্রুপে আগামী রবিবার হামবুর্গে নেদারল্যান্ডসের মুখোমুখি হবে পোল্যান্ড। অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচটি ২১ জুন, বার্লিনে। আর ২৫ জুন ডর্টমুন্ডে গ্রুপের শেষ ম্যাচে ফ্রান্সের মুখোমুখি হবে পোলিশরা।

পোল্যান্ডের হয়ে ১৫০ ম্যাচে লেভানদোভস্কির গোল ৮২টি, দুটিই দলটির হয়ে রেকর্ড। তাকে হারানো পোল্যান্ডের জন্য তাই অনেক বড় ধাক্কা। সদ্য শেষ হওয়া ক্লাব মৌসুমে বার্সেলোনা কোনো ট্রফি জিততে না পারলেও, দলটির হয়ে সব প্রতিযোগিতা মিলিয়ে ৪৯ ম্যাচে ২৬ গোল করেন তিনি।

তার অ্যাসিস্ট থেকেই তুরস্কের বিপক্ষে দলকে এগিয়ে নেন আরেক স্ট্রাইকার কারল স্ফিদারস্কি। তবে ওই গোল উদযাপন করতে গিয়ে পা মচকে ফেলেন তিনি। এই ম্যাচে চোট পান ডিফেন্ডার পাভেল দাভিদোভিচও। তবে এই দুজন কয়েক দিনের মধ্যে পুরোদমে অনুশীলনে ফিরতে পারবেন বলে জানান দলের চিকিৎসক।

## পিসিবি সভাপতির মান রাখছেন আমির,

# তবুও অসন্তুষ্ট হাফিজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়ানডে বিশ্বকাপে ব্যর্থতা পর টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে বেশ কয়েকটি পদক্ষেপ নিয়ে ছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। যার মধ্যে অন্যতম ছিল মোহাম্মদ আমির এবং ইমাদ ওয়াসিমকে দলে ফেরানো। ইমাদ দলে নিয়মিত না হলেও প্রতিনিয়ত পিসিবি সভাপতি মাহসিন নাকভির বিশ্বাসের প্রতিদান দিয়ে যাচ্ছেন আমির।

২০২০ সালে আন্তর্জাতিক ক্রিকেট থেকে বিদায় নিয়েছিলেন মোহাম্মদ আমির। সেসময় কোচ ও টিম ম্যানেজমেন্টের প্রতি পক্ষপাত আচরণের অভিযোগ তুলে ক্যারিয়ার গুটিয়ে নিয়েছিলেন বাঁহাতি পেসার। অবসর ঘোষণার সময় জানিয়েছিলেন, কোচিং প্যানেল ও ম্যানেজমেন্ট সরে গেলে আবারও ফিরতে পারেন।

এরপর বিশ্বকাপের আগে অবসর ভেঙ্গে নিউজিল্যান্ড সিরিজ দিয়ে দলে ফিরেছিলেন আমির। সিরিজের প্রথম ম্যাচ বৃষ্টিতে ভেস্তে গেলেও পরের ম্যাচে দুর্দান্ত জয় পায় পাকিস্তান। যেখানে তিন ওভারে মাত্র ১৩ রান খরচ করে ২ উইকেট তুলে নেন এই বাঁহাতি পেসার। পরের দুটি ম্যাচে সুযোগ পেলে ১ উইকেট তুলতে পারেন।

আয়ারল্যান্ডের সিরিজের দুই ম্যাচে তুলে নেন আরও দুটি উইকেট। তবে ইংল্যান্ডের বিপক্ষে কোনো উইকেট পাননি তিনি। উইকেট না পেলেও বিশ্বকাপের প্রস্তুতিটা যে আমির ভালোভাবেই নিয়েছিলেন তার পারফরম্যান্স দেখলেই বোঝা যায়।

বিশ্বকাপের প্রথম ম্যাচে যুক্তরাষ্ট্রের বিপক্ষে মাত্র ২৫ রান খরচ করে শিকার করেন ১ উইকেট। তবে ১৯ ওভারে মাত্র ৬ রান খরচ করে দলের জয় অনেকটায় নিশ্চিত করে দিয়েছিলেন আমির। তবে শেষ ১৫ রান হাতে রেখেও জয় তুলতে পারেননি হারিস রাউফ।

সুপার ওভারে আমির বলে একটি বাউন্ডারি এবং ৩ টি ওয়াইট দিলেও বাবরের অগোছালো ফিল্ডিংয়ে পাকিস্তানের লক্ষ্য দাঁড়ায় ১৯ রান। শেষ পর্যন্ত ম্যাচ হারে পাকিস্তান। এই ম্যাচে যেখানে নায়কের ভূমিকায় থাকার ছিল, সেখানে হারিসের দুই ফুলটসে ভিলেন বনে যান আমির।

দ্বিতীয় ম্যাচে ভারতের বিপক্ষে শুরুতেই থেকেই আগ্রাসী ছিলেন আমির। প্রথম ওভারে পেতে পারতেন উইকেট। কিন্তু তিন বার সুযোগ পেলেও পান্থের ক্যাচ লুফে নিতে ব্যর্থ হন পাক ফিল্ডাররা। সেই ম্যাচে পাকিস্তানকে ভালোভাবেই ভোগাচ্ছিল পান্থ।

তবে নিজের তৃতীয় ওভারে এসে এই বাঁহাতি ব্যাটারকে সাজঘরে ফেরান আমির। পরের বলে জাদেজা আউট করে পাকিস্তানকে আবারও খেলায় ফেরান এই বাঁহাতি ব্যাটার। এদিন চার ওভারে মাত্র ২৫ রান খরচ করে ২ উইকেট নেন। কিন্তু ব্যাটিং ব্যর্থতায় সেই ম্যাচও হেরে যায় পাকিস্তান। সেই সঙ্গে আমিরের এই অবদান গুলোও মাটিতে মিশে যায়।

নিজেদের তৃতীয় এবং বাঁচা মরার ম্যাচে কানাডার বিপক্ষে মাঠে নেমেছিল পাকিস্তান। এদিন শুরু থেকে শাহিন আফ্রিদি এবং নাসিম শাহর উপর চড়াও হন কানাডার দুই ওপেনার। তৃতীয় ওভারে আমিরের হাতে বল তুলে দেন বাবর আজম। ৭ বলে ৪ রান করা ঢালিওয়ালকে বোল্ড আউট করে পাকিস্তানকে ব্রেকথ্রু এনে দেন এই বাঁহাতি পেসার।

১৭তম ওভারে নিজের দ্বিতীয় উইকেট তুলে নেন আমির। চার ওভারে ১৩ রান দিয়ে ২ উইকেট তুলে নেন তিনি। যা ম্যাচের সেরা বোলিং ফিগার। আমিরের এমন দুর্দান্ত পারফরম্যান্সের পরই খুশি হন পাকিস্তানের সাবেক ক্রিকেটার মোহাম্মদ হাফিজ।

হাফিজ বলেন, পিসিবি লোভে পড়ে তাদের দলে নিয়ে এসেছে। যারা পাকিস্তানের ক্রিকেটকে ধ্বংস করেছে, এমন খেলোয়াড়দের (আমির ও ইমাদ) সঙ্গে তারা লেনদেনের চুক্তি করেছে। আমি ঘরোয়া ক্রিকেটে ছিলাম, কিন্তু কেউ ঘরোয়া ক্রিকেট খেলতে চাইত না।

'কারণ, তারা আমাকে বলত আমাদের মধ্যে যে কেউ নির্বাচিত হলেই আমরা মেনে নেব। এটা কীভাবে সম্ভব যে, পাকিস্তানের ঘরোয়া ক্রিকেট খেলে না এমন ক্রিকেটারদের নির্বাচিত করা হলো।'

তিনি আরও বলেন, ছয় মাস আগে, যখন এই দুইজনকে পাকিস্তানের হয়ে খেলার জন্য পিসিবি প্রস্তাব দেয়, তারা সেটা ফিরিয়ে দেয়। কারণ তারা টি-টোয়েন্টি লিগ খেলতে আগ্রহী ছিল। জুনে যখন কোনো লিগ নেই, সেই দুই জন এখন টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলছে এবং এটাকে আরেকটি লিগ মনে করছে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR